



# রূপালী ব্যাংক পিএলসি.

প্রশাসন ও মানবসম্পদ বিভাগ

প্রধান কার্যালয়, ৩৪, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০।

ওয়েবসাইট: [www.rupalibank.com.bd](http://www.rupalibank.com.bd)

তারিখঃ ২৮-০২-২০২৪

## নিয়োগ বিজ্ঞপ্তি

রূপালী ব্যাংক পিএলসি.-এ নিম্নবর্ণিত পদে চুক্তিভিত্তিক নিয়োগের লক্ষ্যে উপযুক্ত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

| ক্রঃ<br>নং | পদের নাম                                     | পদের<br>সংখ্যা | বয়স               | যোগ্যতা ও অভিজ্ঞতা   |
|------------|--|----------------|--------------------|--|
| ১।         | আইন পরামর্শক<br>(উপ-মহাব্যবস্থাপক পদমর্যাদা) | ০১ জন          | সর্বোচ্চ<br>৬২ বছর | অবসরপ্রাপ্ত জেলা ও দায়রা জজ অথবা হাইকোর্ট<br>বিভাগে মামলা পরিচালনায় অনূন ১৫ বছরের<br>অভিজ্ঞতা সম্পন্ন আইনজীবী। |

### শর্তাবলীঃ

- আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের প্রকৃত নাগরিক হতে হবে।
- জীবন-বৃত্তান্তে নিম্নোক্ত তথ্যাদি সন্নিবেশ করতে হবেঃ  
Name, Father's Name, Mother's Name, Present Address, Permanent Address, Telephone No & E-mail Address, Date of Birth, Age on 31/12/2023, Home District, Nationality, National ID Card No., Educational Qualification, Experience, Name of the Bar and Date of Enrollment, Applicant's Signature and Date.
- কোন প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীকে অবশ্যই স্ব-স্ব কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- Bar and Date of Enrollment এর স্বপক্ষে প্রমাণপত্র।
- আবেদনপত্রের সাথে নিম্নোক্ত সনদপত্রাদি সংযুক্ত করতে হবেঃ
  - শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
  - সম্প্রতি তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট আকারের সত্যায়িত ছবি।
  - জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি।
  - মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে পিতা/মাতার মুক্তিযোদ্ধা সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
- সাক্ষাৎকারে অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না। কর্তৃপক্ষ যেকোন দরখাস্ত/সকল দরখাস্ত কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বা বিজ্ঞপ্তির যে কোন শর্ত বাতিল/শিথিল করার অধিকার সংরক্ষণ করে।
- নিয়োগ প্রাপ্তির পর ব্যাংকের ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত কার্যপরিধি (Terms of References) অনুযায়ী কার্য সম্পাদন করবেন।
- পূর্বে উক্ত পদে অত্র ব্যাংকে কর্মরত ছিলেন এমন প্রার্থীর আবেদন করার প্রয়োজন নেই।
- আবেদনকারীকে আগামী ২০-০৩-২০২৪ইং তারিখের মধ্যে উপ-মহাব্যবস্থাপক, প্রশাসন ও মানবসম্পদ বিভাগ, রূপালী ব্যাংক পিএলসি. প্রধান কার্যালয়, ৩৪, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০ এর বরাবরে ডাক/কুরিয়ার যোগে আবেদনপত্র প্রেরণ করতে হবে। অসম্পূর্ণ আবেদনপত্র এবং নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদনপত্র বিবেচনা করা হবে না।

(মোঃ ফজলুল হক)

উপ-মহাব্যবস্থাপক



# রূপালী ব্যাংক পিএলসি. RUPALI BANK PLC.

প্রশাসন ও মানবসম্পদ বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকা।

## আইন পরামর্শকের TOR (Terms of References)

১. 'প্রধান কার্যালয় আইন বিভাগ' নিয়োগকৃত আইন পরামর্শকের কর্মস্থল হিসেবে বিবেচিত হবে। মহাব্যবস্থাপক (আইন) মহোদয়ের অধীনে তিনি কার্যক্রম পরিচালনা করবেন এবং তাঁর কার্যক্রমের মূল সমন্বয়কারী হবে আইন বিভাগের উপ-মহাব্যবস্থাপক মহোদয়।
২. ব্যাংকের অফিস সময়সূচী মোতাবেক আইন পরামর্শক হিসেবে প্রধান কার্যালয়ের আইন বিভাগের সাথে সম্পৃক্ত থেকে দায়িত্ব পালন করবেন এবং আইন বিভাগে তাঁর কার্যক্রম সার্বক্ষণিক বলে বিবেচিত হবে।
৩. গুরুত্বপূর্ণ বিষয়ে বিশেষত ব্যাংকের বিভিন্ন শাখা/বিভাগের চাহিদার প্রেক্ষিতে আইনগত পরামর্শ ও মতামত প্রদান।
৪. ব্যাংকিং কার্যক্রম পরিচালনার জন্য ব্যাংকের পক্ষে বিভিন্ন ধরনের চুক্তিপত্রের খসড়াকরণ, খসড়া ভেটিংকরণ এবং তা যথাযথ ও আইন সঙ্গতভাবে সম্পাদনে সহায়তা করা।
৫. ব্যাংকের পক্ষে সোলেনামা চুক্তি প্রস্তুতকরণ/সম্পাদনে সহায়তাকরণ।
৬. ফৌজদারী ও দেওয়ানী মামলাসহ বিভিন্ন ধরনের মামলা সংক্রান্ত বিষয়ে আইনগত পরামর্শ ও মতামত প্রদান।
৭. কোম্পানি বিষয়ক পরামর্শ ও আইনগত মতামত প্রদানসহ এ বিষয়ে পূর্ণ সহযোগিতা করা।
৮. জামানত ও তৃতীয় পক্ষীয় জামানতের বিষয়ে (মালিকানা ইত্যাদি) আইনগত পরামর্শ ও মতামত প্রদান।
৯. ব্যাংকিং কার্যক্রম পরিচালনার জন্য মর্টগেজ, আমমোক্তারনামা দলিল, চুক্তিপত্র দলিলসহ যে কোন দলিল প্রস্তুত/ভেটিং করা।
১০. জরুরী প্রয়োজনে কখনো কখনো মৌখিক অনুরোধে আইন বিষয়ে মতামত ও পরামর্শ প্রদান।
১১. সিন্ডিকেশন ঋণ এর ক্ষেত্রে বিভিন্ন দলিলাদির ভেটিংসহ মতামত প্রদান।
১২. ব্যাংকের প্রয়োজনে আইন পরামর্শক হিসেবে আইনগত পরামর্শ প্রদানের নিমিত্ত বিভিন্ন সভায় উপস্থিত থাকা।
১৩. ব্যাংকের আইন পরামর্শক থাকাকালীন তিনি আইন সংক্রান্ত কোন বিষয়ে ব্যাংকের প্রতিপক্ষ/তৃতীয় পক্ষকে কোনরূপ মতামত/তথ্য প্রদান/সমর্থন করতে পারবেন না এবং ব্যাংকের স্বার্থ পরিপন্থী কোন কাজ করতে পারবেন না।
১৪. আইন বিষয়ক যেকোন সমস্যার ক্ষেত্রে ব্যাংকের করণীয় সম্পর্কে পরামর্শ ও সহযোগিতা প্রদান করা।